

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৯৩

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩. নামাযে ইমামের পিছনে উম্মুল কিতাব পড়া ওয়াজিব

بَابُ وُجُوبِ قِرَاءَةِ أُمِّ الْكِتَابِ فِي الصَّلَاةِ وَخَلْفَ الْإِمَامِ

## আরবী

حَدَّثَنَا أَبُو مُحَمَّد بْنُ صَاعِد ، ثَنَا مُحَمَّدُ بْنُ زَنْجَوَيْهِ ، وَأَبُو زُرْعَةَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرٍو السِّمَشْقِيُّ \_ وَاللَّفْظُ لَهُ \_ قَالَا : نَا مُحَمَّدُ بْنُ الْمُبَارِكِ الصُّورِيُّ ، ثَنَا صَدَقَةُ بْنُ خَالِد ، ثَنَا زَيْدُ بْنُ وَاقِد ، عَنْ حَرَامِ بْنِ حَكِيمٍ ، وَمَكْحُولِ ، عَنْ نَافِعِ بْنِ مَحْمُود بْنِ الرَّبِيعِ \_ ثَنَا زَيْدُ بْنُ وَاقِد ، عَنْ حَرَامِ بْنِ حَكِيمٍ ، وَمَكْحُولِ ، عَنْ نَافِعِ بْنِ مَحْمُود بْنِ الرَّبِيعِ \_ كَذَا قَالَ \_ " أَنَّهُ سَمِعَ عُبَادَةَ بْنَ الصَّامِتِ يَقْرَأُ بِأُمِّ الْقُرْآنِ ، وَأَبُو نُعَيْمٍ يَجْهَرُ بِالْقِرَاءَةِ ؛ قَالَ : وَمَا ذَاكَ ؟ قَالَ : سَمِعْتُكَ تَقْرَأُ بِأُمِّ الْقُرْآنِ ، وَأَبُو نُعَيْمٍ يَجْهَرُ بِالْقِرَاءَةِ ؛ قَالَ : نَعَمْ ، صَلَّى بنَا رَسُولُ اللَّهِ \_ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ بَعْضَ الصَلَوَاتِ الَّتِي يَجْهَرُ فِيهَا بِالْقِرَاءَةِ ، فَلَمَّا انْصَرَفَ قَالَ : " مِنْكُمْ مِنْ وَسَلَّمَ \_ بَعْضَ الصَلَوَاتِ الَّتِي يَجْهَرُ فِيهَا بِالْقِرَاءَةِ ؟ " . قُلْنَا : نَعَمْ يَا رَسُولُ اللَّهِ \_ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ : " وَأَنَا أَقُولُ مَا لِي أُنْوَى الْقُرْآنَ إِذَا جَهَرْتُ بِالْقِرَاءَةِ ؟ " . قُلْنَا : نَعَمْ يَا رَسُولَ اللَّهِ ، فَقَالَ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ : " وَأَنَا أَقُولُ مَا لِي أُنْوَعُ الْقُرْآنَ ، لَا يَقُرْأَنَ إَوْ الْمَعُ مُونِ وَاقِدْ ، عَنْ نَافِعِ بْنِ مَحْمُودٍ وَرَحَالُهُ بُقَاتٌ كُلُّهُمْ . وَرَوَاهُ يَحْيَى الْبَابُلُتِيُّ ، عَنْ صَدَقَةَ ، عَنْ زَيْدِ بْنِ وَاقِدٍ ، عَنْ عَثْمَانَ وَرِحَالُهُ بُوعَ مْنِ مَحْمُودٍ بْنِ مَوْدَةَ ، عَنْ ذَيْدِ بْنِ وَاقِدٍ ، عَنْ عَتْمَانَ وَمِ بْنِ مَحْمُودٍ الْنَائِقُ أَبِي سَوْدَةَ ، عَنْ نَافِعِ بْنِ مَحْمُودٍ إِنْ مَوْدَةً ، عَنْ نَافِعِ بْنِ مَحْمُودٍ إِنْ الْمُعَ مِنْ مَحْمُودٍ إِنْ الْمُلْهِ الْمَائِلُولُهُ الْمَائِلُولُ الْمَائِلُولُ الْمَائِلُ الْمَائِلُ الْمَلْ الْمَائِلُولُولُ مَا لِي أَلْمَالُ الْمَائِلُ الْمَائِلُ الْمُ مِنْ مَوْدُولُ مَا مُنْ الْمُولِ الْمَلْ الْمَائِلُ الْمَائِلُ الْمُؤْمِ الْمُ الْفَلَا الْمَعْ مُنْ مَنْ مَالِهُ الْمَالِلَهُ مَالَا الْمُعَ الْمُلُولُ الْمَالُولُ الْف

## বাংলা

১১৯৩(১২). আবু মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... নাফে ইবনে মাহমূদ ইবনুর-রবী (রহঃ) থেকে পূর্বের হাদীসের অনুরূপ বর্ণিত। তিনি উবাদা ইবনুস্ সামিত (রাঃ)-কে সূরা আল-ফাতিহা পড়তে শুনলেন। আর আবু নু'ম (রহঃ) সশব্দে কিরাআত পড়ছিলেন। আমি বললাম, আমি আপনাকে নামাযের মধ্যে কিছু করতে দেখেছি। তিনি বলেন, তা কি? রাবী বলেন, আমি আপনাকে (নামাযে) সূরা আল-ফাতিহা পড়তে শুনেছি। তখন আবু নু'ম (রহঃ) সশব্দে কিরাআত পড়ছিলেন। তিনি বলেন, হাঁ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সাথে সশব্দে কিরাআত পাঠ করা হয় এমন এক ওয়াক্তের নামায় পড়েন। নামায়শেষে তিনি বলেনঃ আমি যখন সশব্দে



কিরাআত পড়েছি তখন তোমাদের কেউ কি কুরআনের কোন অংশ পড়েছে? আমরা বললাম, হাঁ, ইয়া রাসূলাল্লাহ! রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাই আমি (মনে মনে) বলছিলাম, কি ব্যাপার! আমার সাথে কুরআন নিয়ে বিবাদ করা হচ্ছে কেন? আমি যখন সশব্দে কিরাআত পড়বো তখন তোমাদের কেউ যেন কুরআনের কোন অংশ না পড়ে, অবশ্য সূরা আল-ফাতিহা পড়বে। এই সনদসূত্র হাসান এবং তার সমস্ত রাবী নির্ভরযোগ্য। এই হাদীস ইয়াহইয়া আল-বাবিলতী (রহঃ) সাদাকা-যায়েদ ইবনে ওয়াকিদ-উসমান ইবনে আবু সাওদা (রহঃ)-নাফে ইবনে মাহমূদ (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন।

## হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ নাফে ইবনে মাহমূদ ইবনুর-রবী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন